

Mamun Smrity Public High School

P.O. : Sontia Bazar, Upazila & District: Jamalpur
Established: 1994, School Code No: 9040, EIIN: 109930
Center Code: 426, Upazila Code: 340, District Code: 41
Website: www.msphs-edu.com

Ref. No:

Date: 24/02/2022

মোঃখলিলুর রহমান

এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট

জীবন বৃত্তান্ত

সুপ্রীম কোর্টে আইন পেশায় নিয়োজিত এডভোকেট মোঃ খলিলুর রহমান ১৯৫৪ সালে জামালপুর জেলার দিগপাইত ইউনিয়নের পূর্বপাড় দিঘুলী গ্রামে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মরহুম মোকছেদুর রহমান সফল গৃহস্থ এবং মাতা মরহুমা হাজেরা খাতুন সুনীপুন গৃহিণী ছিলেন। পিতামাতার আট সন্তানের মাঝে এডভোকেট জনাব মোঃ খলিলুর রহমান তৃতীয়। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ডঃ আতিউর রহমান তাঁর বড় ভাই।

নিভৃত পল্লীর নৈসর্গিক সৌন্দর্য্যের মাঝে তাঁর শৈশব ও কৈশোর কাল কেটেছে। তিনি দিগপাইত ডি, কে উচ্চ বিদ্যালয় হতে ১৯৭০ সনে এস,এস,সি এবং জামালপুর আশেক মাহমুদ কলেজ হতে ১৯৭৩ খ্রিস্টাব্দে এইচ, এস, সি পাস করেন। অতঃপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। এল.এল.বি সম্মানসহ এল.এল.এম.পাস করেন ১৯৭৮ সনে। ঢাকা জজ কোর্টে আইনজীবী হিসেবে কর্মজীবন শুরু করে ১৯৮৫ সন পর্যন্ত অতি সুনামের সাথে নিজেকে প্রতিষ্ঠিত করেন। অতঃপর ১৯৮৬ সন হতে তিনি সুপ্রীম কোর্টে আইন পেশায় সুদীর্ঘ ৩৬ বছর যাবৎ অত্যন্ত দক্ষতা ও সফলতার সাথে আইন পেশায় নিজেকে নিয়োজিত রেখেছেন।

জনাব এডভোকেট খলিলুর রহমান তাঁর আইন পেশার প্রচলিত ব্যস্ততার মাঝেও নানা সামাজিক ও পেশাজীবী সংগঠনের সাথে যুক্ত থেকে সমাজ সেবামূলক কাজ করে যাচ্ছেন। তিনি ১৯৮৫ সনে গঠিত বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতি অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য এবং ঢাকা আইনজীবী সমিতির আজীবন সদস্য এবং সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সাধারণ সদস্য।

পৈত্রিক নিবাস নিজ এলাকায় শিক্ষা-দীক্ষা, ধর্ম চর্চা ও সাংস্কৃতিক অঙ্গনকে বিকশিত করার ক্ষেত্রে তাঁর অবদান অবিস্মরণীয়। নিজস্ব অর্থ এবং পর্যাপ্ত সময় ব্যয় করে তিনি গড়ে তুলেছেন পিতামাতার নামে নিজ গ্রামে হাজেরা মোকছেদ উচ্চ বিদ্যালয়, জেঠাত ভাই এবং বাল্যবন্ধু ও মেধাবী অকাল প্রয়াত মামুনর রশীদেদর স্মৃতিকে ধারণ করে ১৯৯০ সনে ছোনটিয়া বাজারে প্রতিষ্ঠা করেছেন মামুন স্মৃতি পাবলিক উচ্চ বিদ্যালয় যা বর্তমানে দক্ষিণ জামালপুরে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত। নিজ গ্রামে পশ্চিম পাড়া দিঘুলী গ্রামে প্রতিষ্ঠা করেন এডভোকেট খলিলুর রহমান উচ্চ বিদ্যালয়, তার শিক্ষা জীবনের পথিকৃৎ মরহুম মৌলভী মফিজ উদ্দিন আহমেদ ও তার সহধর্মিনী হাসনা বানুর নামে হাসনা মফিজ উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। দিগপাইত শামছুল হক ডিগ্রী কলেজের তিনি অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। এ কলেজের লাইব্রেরী ও প্রবেশ দ্বারটি তার একক অর্থায়নে নির্মিত হয়। সহধর্মিনীর নামে প্রতিষ্ঠা করেন বর্ণালী একাডেমী ও বর্ণালী জনকল্যাণ সংস্থা। এসব প্রতিষ্ঠান এলাকার শিক্ষা ও সাংস্কৃতি বিকাশে অতুনীয় অবদান রেখে চলেছে।

দাদার নামে জনাব নিজ গ্রাম পূর্বপাড় দিঘুলী গ্রামে মল্লিক মন্ডল দাখিল মাদ্রাসা, কামাল খান কামিল মাদ্রাসায় মায়ের নামে “মা হাজেরা খাতুন ছাত্রীনিবাস” এবং এলাকার নিজ গ্রামে বাউন্ডারী ঘেরা প্রায় চার বিঘা সুদৃশ্য

মসজিদ, ঈদগাহ মাঠ, কবরস্থান ও ইসলামিক ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে পাঠাগার ও মক্তব প্রতিষ্ঠা করে ধর্মীয় শিক্ষা বিস্তারে ব্যাপক অবদান রেখেছেন। তিনি ২০১২ সনে ধানমন্ডিস্থ বি, এস, বি ফাউন্ডেশন কর্তৃক শ্রেষ্ঠ শিক্ষা উদ্যোক্তার সম্মাননা পদক লাভ করেন। মোঃ খলিলুর রহমান ইতিপূর্বে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠান গুলো প্রতিষ্ঠা করা ছাড়াও এলাকায় গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের আর্থিক সাহায্য করে তাদের লেখা-পড়া সমাপ্তিয়ান্তে বিভিন্ন কর্মস্থলে চাকুরী প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠিত করেছেন এবং এখনো করে যাচ্ছেন।

তাঁর সহধর্মিনী মিসেস বর্ণালী হোসেন ঢাকাস্থ ধানমন্ডি মেহেরুননেসা গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ। দুই সন্তানের জ্যেষ্ঠ কন্যা পরমা বিনতে খলিল লন্ডনের ওয়ার উইক ইউনিভার্সিটি হতে ল' এন্ড বিজনেস এ ফাস্ট ক্লাস পেয়ে প্রখ্যাত লন্ডন স্কুল অব ইকোনোমিক্স হতে এম,এস ডিগ্রী অর্জন করেন। বর্তমানে সে লন্ডনের ইন্টারন্যাশনাল ল ফার্মে ল ইয়ার হিসেবে যোগদান করে ঐ প্রতিষ্ঠানের অর্থে ব্যারিস্টারি অধ্যয়ন সমাপ্তির পর উক্ত প্রতিষ্ঠানে নিয়মিত আইনজীবী হিসেবে কর্মরত আছেন। কনিষ্ঠ কন্যা ইসাবেলা বিনতে খলিল লন্ডনের ওয়ার উইক ইউনিভার্সিটি থেকে ল' এন্ড বিজনেস বিষয়ে ১ম শ্রেণীতে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়ার পর ফ্রান্সের প্যারিসের বিখ্যাত “Le Cordon Bleu” নামীয় প্রতিষ্ঠানে “Culinary Arts” বিষয়ে ডিগ্রী অর্জন করেন।

জনাব রহমান ইউরোপের প্রায় প্রতিটি দেশেই ভ্রমন করা ছাড়াও সাউথ কোরিয়া, হংকং, সিঙ্গাপুর, থাইল্যান্ডসহ সার্কভুক্ত সবগুলো দেশে ভ্রমন করেছেন। দেশে বিদেশে বিভিন্ন পত্র পত্রিকায় তাঁর আইন বিষয়ক লেখা প্রকাশিত হচ্ছে।

তথ্যসূত্রঃ চাকরিজীবী সমবায় সমিতি লিমিটেড অবলম্বনে।